# দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ হজ্জ ও উমরা

রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

কাবাগৃহের দেওয়ালে বুকে লাগিয়ে দুআ করা অথবা কাবার গিলাফ ধরে দুআ করা কি শরীয়ত সম্মত?

এ কাজ ভিত্তিহীন না শরীয়তে। কাবা গৃহের যে অংশ স্পর্শ করানো নবী (সঃ) কর্তৃক প্রমাণিত, কেবল সেই অংশই স্পর্শ করেই তওয়াফ বা দুআ করা উচিৎ। একদা আমির মুআবিয়া (রঃ) কাবা গৃহের তওয়াফ করছিলেন। তিনি হাজারে আসওয়াদ ও রুকনে ইয়ামানী ছাড়াও অন্য দুটি রুকন (কোন) কে স্পর্শ করেছিলেন। সঙ্গে ছিলেন ইবনে আব্বাস (রঃ)। তাঁর এই আমল দেখে তাকে বললেন, “আল্লাহ্‌র রাসুল (সঃ) হাজরে আসওয়াদ ও রুকনে ইয়ামিনী ছাড়া অন্য রুকন স্পর্শ করতেন না।” মুআবিয়া বললেন, “আল্লাহ্‌র গৃহে কোন কিছুই তো পরিত্যাজ্য নয়।” ইবনে আব্বাস বললেন, “কিন্তু (মহান আল্লাহ বলেন,) ‘তোমাদের জন্য রাসুলুল্লাহর (চরিত্রের) মধ্যে উত্তম আদর্শ রয়েছে।” (সূরা আহযাব ২১ আয়াত) এ কথা শুনে মুআবিয়া বললেন, তুমি ঠিকই বলেছ।” ৪৩৮ (তিরমিযী, শাফেয়ী, আহমাদ)

Source — https://www.hadithbd.com/books/link/?id=345

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন